

অভিযোজন অধিকার কমিটির অর্জন

- স্থানীয় জনগণের সচেতনতায় ১০০টি হাটসভা ও ১০০টি উঠান বৈঠক আয়োজন।
- ১০টি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিযোগিতার মাধ্যমে ৭৫টি দুর্ভোগ বিষয়ক দুর্লভ চিত্র অংকন।
- ১০টি মাধ্যমিক বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতায় ৪২টি রচনা।
- দুর্ভোগ মোকাবিলায় প্রস্তুতি নিশ্চিত করতে এসওডি (Standing Order on Disaster) বিষয়ক ২টি প্রশিক্ষণ।
- মাঠ পর্যায়ে প্রশিক্ষণের জন্য ৩টি 'প্রশিক্ষক প্রশিক্ষণ' (Training of Trainers) আয়োজন।
- বাস্তুচ্যুতদের অন্তর্ভুক্তির লক্ষ্যে বিদ্যমান ৪টি নীতির সমীক্ষা ও নীতি পরামর্শ।
- ক্লাইমেট ভালনারেবল ফোরাম ভুক্ত দেশগুলোর জন্য বাস্তুচ্যুতি বিষয়ক নীতি কাঠামোর টেমপ্লেট।
- বাস্তুচ্যুতদের আর্থসামাজিক ঝুঁকি নিরসনে প্রশিক্ষক প্রশিক্ষণ গাইড বই প্রণয়ন।

অভিযোজন অধিকার কমিটি আমাকে শিখিয়েছে এতিম শিশুর প্রতি বিশেষ খেয়াল রাখতে আর কিশোর-কিশোরীদের যৌন হয়রানি বিষয়ে সচেতন করতে, নারী-পুরুষের টয়লেট দাবী করতে।
- মোসাঃ লুতফুল্লাহার, সদস্য,
অভিযোজন অধিকার কমিটি, পারুলিয়া ইউনিয়ন
সাতক্ষীরা

জেলা অভিযোজন অধিকার কমিটির সদস্য হবার সুবাদে বাস্তুচ্যুতদের কষ্টটা বুঝতে শিখেছি। টিটিসির প্রতিটি প্রশিক্ষণ ব্যাচে আমরা পাঁচজন বাস্তুচ্যুত পরিবারের সদস্য অন্তর্ভুক্ত করছি।

- কে. এম. মিজানুর রহমান, প্রিন্সিপাল, টিটিসি, সাতক্ষীরা



রামরু

সাতার ভবন (৫ম তলা), ১৭৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন: ৮৮০২-৫৮৩১৬৫২৪
ফেসবুক: www.facebook.com/rmmru
ই-মেইল: info@rmmru.org, ওয়েবসাইট: www.rmmru.org
কপিরাইট © রামরু, মে ২০২৫

প্রচ্ছদ চিত্র: সৌমিত্র ও মারিয়ার চোখে সাইক্লোন রেমাল, সাতক্ষীরা।

পিডিডি ও নোরাডের সহযোগিতায় পরিচালিত এভার্ট এন্ড মিনিমাইজ ডিসপ্লেসমেন্ট ইন ক্লাইমেট স্ট্রেসড ডিসট্রিক্ট অফ বাংলাদেশ প্রকল্প



অভিযোজন অধিকার কমিটি বাস্তুচ্যুতদের কণ্ঠস্বর



অভিযোজন অধিকার কমিটি আমাদের সংগঠন

বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের কারণে প্রতিবছর বাংলাদেশে বহু মানুষ বাস্তুচ্যুত হয়। বাস্তুচ্যুতদের অর্থনৈতিক এবং সামাজিক পুনর্বাসনের জন্য সরকার অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় কৌশলপত্র, ২০২১ এবং তা বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা (২০২২-২০৪২) প্রণয়ন করেছে। এই কৌশলপত্র বাস্তুচ্যুতদের অধিকার আদায়ে তাদের সংগঠিত হবার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেছে।

কৌশলপত্রের এই পরামর্শ বাস্তবায়নে সাতক্ষীরায় রামরু গড়ে তুলেছে ১০টি অভিযোজন অধিকার কমিটি। এটি মূলত বাস্তুচ্যুত জনগোষ্ঠী, স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তিবর্গ, নাগরিক সমাজ, এবং স্বেচ্ছাসেবীদের নিয়ে গঠিত ১৩ সদস্যের একটি ফোরাম।

আমি প্রমিলা মন্ডল, এক বাস্তুচ্যুত নারী।
আমারো অধিকার আছে শিক্ষা, স্বাস্থ্য ও বাসস্থানের।
- মেম্বর, অভিযোজন অধিকার কমিটি
মথুরেশপুর, সাতক্ষীরা

বাস্তুচ্যুতদের চ্যালেঞ্জসমূহ


- বাস্তুচ্যুত পরিবারগুলোর সাধারণত নিজস্ব কমিউনিটি বা সামাজিক নেটওয়ার্ক হারিয়ে যায়।
- পরিবারগুলোর পক্ষে পরিবর্তিত পরিস্থিতিতে তাদের অধিকার আদায় সম্ভব হয় না।
- দুর্যোগ মোকাবিলায় সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা থেকে তারা বঞ্চিত হন।

কমিটির উদ্দেশ্য

- বাস্তুচ্যুতির ঝুঁকিতে থাকা এবং বাস্তুচ্যুত জনগোষ্ঠীর সেবাদানে স্থানীয় জনগোষ্ঠীকে শক্তিশালী করা।
- তাদের অধিকার অর্জনে অভিযোজন অধিকার কমিটিসমূহকে প্রশিক্ষিত করা।
- বাস্তুচ্যুতদের সচেতন এবং সংগঠিত করা।
- সরকারি-বেসরকারি সেবাদান প্রতিষ্ঠানসমূহকে এই জনগোষ্ঠীকে সেবাদানে দায়বদ্ধ করা।
- মানসম্মত বাসস্থান এবং জীবিকা পুনঃপ্রতিষ্ঠায় স্থানীয় সম্পদে বাস্তুচ্যুতদের অংশীদারিত্ব নিশ্চিত করা।

আমার স্কুলের ছাত্রছাত্রীদের আঁকা
বাস্তুচ্যুতির ছবি জাতিসংঘে সাড়া ফেলেছে এবং
আন্তর্জাতিক গবেষণা পত্রিকার মলাটে প্রকাশিত হয়েছে,
আমি আপুত।
- মোঃ নাজমুল হোসেন, সহকারী শিক্ষক,
ধুলিহর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়
সাতক্ষীরা

অধিকার অর্জনের রূপরেখা



প্রশিক্ষণ নেয়ার পরে আমি ভিজিবি কার্ড, বয়স্ক বা
প্রতিবন্ধী ভাতা কাকে দেব তা নির্বাচনে বাস্তুচ্যুতরাও
পেল কিনা তা খেয়াল রাখি।
- মোঃ নূর হোসেন, ইউপি সদস্য
কৃষ্ণনগর, সাতক্ষীরা